বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

**মাঠ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর আলোকে প্রেরিত ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর আয়োজিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ মোকতার হোসেন (যুগ্মসচিব)<br>পরিচালক (প্রশাসন), বিআরডিবি |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ |
| তারিখ | : | ২৮ অক্টোবর ২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১০:৩০ টা |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য। |

সভাপতি, সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব ও উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করা হয়। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান মাঠ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর আলোকে ৬৪ জেলা হতে ১ম ত্রৈমাসিক অগ্রগতি পাওয়া গেছে। বিগত সভার সিদ্ধান্ত প্রতিপালন করা হয়েছে। অতঃপর মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নির্দেশিকার আলোকে সভায় নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জানান যে, বিআরডিবি'র মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিগত ফিডব্যাক সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়। সভায় উপস্থিত সকলের সম্মতিতে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | উপপরিচালক (পিআরসি) |
| ২. নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভায় জানানো হয় যে, মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুসারে ৬৪ জেলার মধ্যে কিশোরগঞ্জ, লক্ষ্মীপুর, দিনাজপুর, ফেনী, চট্টগ্রাম জেলা নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে ব্যর্থ হয়েছে। বাকি জেলাগুলো নৈতিকতা কমিটির সভা আয়োজন করে প্রতিবেদন প্রেরণ করেছে। সভায় সভাপতি বলেন যে, নিয়মিত সভা আয়োজন এবং কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। যেসকল জেলা ১ম ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে সক্ষম হয়নি সেসকল জেলা দ্রুত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভা আয়োজন করে বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রমানক প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) লক্ষ্যমাত্রা অনুসারে সভা আয়োজন নিশ্চিত করতে হবে।<br><br>খ) যেসকল জেলা ১ম ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে সক্ষম হয়নি সেসকল জেলা-কে দ্রুত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভা আয়োজন করে বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রমানক প্রেরণ করতে হবে। | উপরিচালক (সকল জেলা) |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা। | সভায় জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থবছরে মাঠ কার্যালয়ের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অনুসারে ৬৪ জেলার মধ্যে ৬১ জেলা লক্ষ্যমাত্রা অনুসারে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করেছে। বাকি ০৩টি জেলা যথা লক্ষ্মীপুর, নীলফামারী, রাঙ্গামাটি জেলা সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনে ব্যর্থ হয়েছে।<br>সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) বলেন যে, অংশীজন (stakeholder) বলতে স্ব স্ব আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা-কর্মচারীকে বুঝায়। সভাপতি বলেন যে, অংশীজনের অংশগ্রহণেয় সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা যেতে পারে। যাতে করে সেবাগ্রহীতারা সরকারের বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত হয়। এক্ষেত্রে যেসকল জেলা ১ম অংশীজনের অংশগ্রহণেয় সভা আয়োজন করতে সক্ষম হয়নি সেসকল জেলা দ্রুত সময়ের মধ্যে সভা আয়োজন করে প্রমাণকসহ প্রতিবেদন বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) অংশীজনের অংশগ্রহণেয় সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে।<br>খ) যেসকল জেলা ১ম অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে সক্ষম হয়নি সেসকল জেলা-কে দ্রুত সময়ের মধ্যে সভা আয়োজন করে প্রমাণকসহ প্রতিবেদন বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | উপরিচালক (সকল জেলা) |
| ৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/সভা আয়োজন। | সভায় জানানো হয় যে, মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুসারে ১ম ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুসারে ৬০টি জেলা শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/সভা আয়োজন করতে পেরেছে। বাকি ০৪ জেলা যথা নীলফামারী,বরগুনা, নরসিংদী ও রাঙ্গামাটি জেলা শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে ব্যর্থ হয়েছে। সভায় সভাপতি বলেন যে সকল জেলা লক্ষ্যমাত্রা অনুসারে প্রশিক্ষণ আয়োজনে ব্যর্থ হয়েছে সেসকল জেলা দ্রুত সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে। সভাপতি আরও বলেন অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা গ্রহণসহ আয়োজিত প্রশিক্ষণের হাজিরা, ছবি প্রমাণক হিসেবে জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করা যেতে পারে। | ক) যে সকল জেলা লক্ষ্যমাত্রা অনুসারে প্রশিক্ষণ আয়োজনে ব্যর্থ হয়েছে সেসকল জেলা-কে দ্রুত সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>খ) শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের প্রদান করার ব্যবস্থা গ্রহণসহ আয়োজিত প্রশিক্ষণের হাজিরা, ছবি প্রমাণক হিসেবে জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | উপরিচালক (সকল জেলা) |
| ৫.কর্মপরিবেশ উন্নয়ন। | সভায় জানানো হয় যে, ১ম কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সূচকে ৬৪ জেলার মধ্যে ৬২ জেলা লক্ষ্যমাত্রা অর্জন করেছে। বাকি ০২টি জেলা যথা ঝিনাইদহ, বরগুনা জেলার লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। সভায় সভাপতি বলেন যে, কর্মপরিবেশ সুন্দর রাখা একজন কর্মচারীর নৈতিক দায়িত্ব। তাই লক্ষ্যমাত্রা অনুসারে কর্মপরিবেশ সুন্দর রাখার জন্য সকলকে সচেতন থাকা জরুরী। সকল জেলা কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সূচকে গৃহীত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে সম্পন্ন করে প্রমানক যথাসময়ে বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। সদর কার্যালয়ের প্রত্যেক শাখা তাদের কর্মপরিবেশ সুন্দর রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহীত হয়। | ক) লক্ষ্যমাত্রা অনুসারে কর্মপরিবেশ সুন্দর রাখার জন্য সকলকে সচেতন থাকতে হবে।<br>খ) সকল জেলা কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সূচকে গৃহীত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে সম্পন্ন করে প্রমাণক যথাসময়ে বিআরডিবি'র জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণের করতে হবে।<br>গ) সদর কার্যালয়ের প্রত্যেক শাখা তাদের কর্মপরিবেশ সুন্দর রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | উপরিচালক (সকল জেলা) |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৬. ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভায় জানানো হয় যে, মাঠ কার্যালয়ের ২০২৪-২০২৫ শুদ্ধাচার কর্মপরিকল্পনার ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ অনুসারে ১ম কোয়ার্টারে ৬৪ জেলার মধ্যে ৬১ জেলা লক্ষ্যমাত্রা অর্জন করেছে। সাতক্ষীরা, টাঙ্গাইল, গাজীপুর জেলা লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। সভাপতি বলেন মাঠ কার্যালয়ের সকল ইউনিটের ক্রয় কার্যক্রমে যথাযথ বিবি-বিধান অনুসরণপূর্বক সকল ক্রয় সম্পাদন করার জন্য সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | মাঠ কার্যালয়ের সকল ইউনিটের ক্রয় কার্যক্রমে যথাযথ বিবি-বিধান অনুসরণপূর্বক সকল ক্রয় সম্পাদন করতে হবে। | উপরিচালক (সকল জেলা) |
| ৭. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | সভায় জানানো হয় যে, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ সূচকে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুসারে সাতক্ষীরা, জামালপুর, কিশোরগঞ্জ, লক্ষ্মীপুর, পাবনা, কুষ্টিয়া, নীলফামারী, কুড়িগ্রাম, শরীয়তপুর, শেরপুর, রাজশাহী, লালমনিরহাট, পঞ্চগড় জেলা সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণে ব্যর্থ হয়েছে। সভায় আলোচনা করা হয় যে, সংশ্লিষ্ট কার্যালয় থেকে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবা যারা গ্রহণ করছেন সেই সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিস্টার সংরক্ষণ করা যেতে পারে এবং রেজিস্টারে সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহী তাদের উদ্বুদ্ধ করা যেতে পারে। এছাড়া এই সূচকে যেসব জেলা লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে সেসব জেলা-কে দ্রুত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ক) সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে।<br><br>খ) রেজিস্টারে সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহীতাদের উদ্বুদ্ধ করতে হবে।<br><br>গ) যেসব জেলা লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে সেসব জেলা-কে দ্রুত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপরিচালক (সকল জেলা) |
| ৮. বিবিধ | সভায় উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) জানান যে, মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা নির্দেশিকা অনুসারণ না করে ভুল ফরম্যাটে মুন্সীগঞ্জ, মাগুরা, ঝালকাঠি, পটুয়াখালি, বরিশাল, পাবনা, দিনাজপুর, কুড়িগ্রাম, বরগুনা, ফেনী, রাঙ্গামাটি, রাজশাহী জেলা প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া সাতক্ষীরা, টাঙ্গাইল, গাজীপুর জেলায় ১ম ত্রৈমাসিকে কোন অগ্রগতি নেই। বিষয়টি খুবই দুঃখজনক এবং অনভিপ্রেত। সভায় সভাপতি বলেন যে, যেসকল জেলা ভুল ফরম্যাটে প্রতিবেদন দাখিল করেছে এবং যেসব জেলায় কোন অগ্রগতি নেই সেসকল জেলাসমূহের উপপরিচালকদের টেলিফোনে প্রতিবেদন ভুল হওয়ার কারণ জানার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া যেতে পারে। এছাড়া ভবিষ্যতে ভুল প্রতিবেদন প্রেরণ না করার জন্য একটি জুম মিটিং করে ভুলগুলো সংশ্লিষ্ট জেলার উপপরিচালকদের নিকট উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) যেসকল জেলা ভুল ফরম্যাটে প্রতিবেদন দাখিল করেছে এবং যেসব জেলায় কোন অগ্রগতি নেই সেসকল জেলাসমূহের উপপরিচালকদের টেলিফোনে প্রতিবেদন ভুল হওয়ার কারণ জানার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।<br>খ) জেলা থেকে ভবিষ্যতে ভুল প্রতিবেদন প্রেরণ করার জন্য একটি জুম মিটিং করে ভুলগুলো সংশ্লিষ্ট জেলার উপপরিচালকদের নিকট উপস্থাপন করতে হবে। | উপরিচালক (সকল জেলা) ও উপপরিচালক (পিআরসি) |

সভায় আর কোন আলোচনার বিষয় উত্থাপিত না হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/১০/২০২৪

ড. মোঃ মোক্তার হোসেন (যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন
বিআরডিবি, ঢাকা

স্মারক নং- ৪৭.৬২.০০০০.১০২.০৬.০০৩.২২.১১০৭৮ তারিখ : ৩১ অক্টোবর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা/বিআরডিটিআই, সিলেট।

০২) যুগ্মপরিচালক (সকল) বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।

০৩) প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক, বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।

০৪) উপ সচিব (এপিএ শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫) উপপরিচালক (সকল) বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।

০৬) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

০৭) উপপরিচালক (সকল), বিআরডিবি.......................................................................জেলা।

০৮) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) অফিস কপি।

৩১/১০/২০২৪

মোঃ নুরুজ্জামান

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)